

প্রথম প্রাচীন



বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা ১০০০
www.banglaacademy.gov.bd

বিজ্ঞপ্তি

সাধারণ পরিষদের ৪৭তম বার্ষিক সভা ২০২৪

বাংলা একাডেমির সম্মানিত ফেলো, জীবনসদস্য ও সাধারণ সদস্যদের জানানো যাচ্ছে যে, বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪৭তম বার্ষিক সভা ১৩ই পৌষ ১৪৩১/২৮শে ডিসেম্বর ২০২৪ তারিখ শনিবার একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।

যে সকল সাধারণসদস্য ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের চাঁদা পরিশোধ করেননি তাঁদের ১৫ই কার্তিক ১৪৩১/৩১শে অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে একাডেমির হিসাব শাখায় নগদে অথবা পে-অর্ডারের মাধ্যমে চাঁদা পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সাধারণ পরিষদের বার্ষিক সভায় উত্থাপনের জন্য অনধিক দুটি প্রস্তাব ১৫ই কার্তিক ১৪৩১/৩১শে অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে সচিব, বাংলা একাডেমি বরাবর অথবা ই-মেইলে (baparishad1955@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। প্রস্তাব সুনির্দিষ্ট, তথ্য-সমর্থিত এবং সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়।

ইতোমধ্যে যাঁদের ঠিকানা পরিবর্তিত হয়েছে তাঁদের অফিস/আবাসিক ঠিকানা ও ফোন নম্বর এবং সম্প্রতি যাঁরা মৃত্যুবরণ করেছেন তাঁদের তথ্য (যদি থাকে) লিখিতভাবে/ই-মেইলে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হচ্ছে।

যোগাযোগ

০২-৫৮৬১১২৩৭

০২-৫৮৬১১২১৬

সচিব

বাংলা একাডেমি, ঢাকা